# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট

ধানমণ্ডি, ঢাকা।

## 'জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট' -এর অডিটোরিয়াম ব্যবহারের নীতিমালা-২০২৫

১. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের অডিটোরিয়াম ব্যবহারে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক/পরিচালক বরাবর অডিটোরিয়াম ব্যবহারের অনুমতির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

২. অডিটোরিয়াম বলতে কেবল ইনস্টিটিউটের ৩০০ আসন বিশিষ্ট জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট, ঢাকা এর অডিটোরিয়াম, কুমিল্লা কেন্দ্র অডিটোরিয়াম ও ত্রিশাল কেন্দ্র অডিটোরিয়ামকে বুঝাবে এবং ইনস্টিটিউটের প্রাঙ্গণ কিংবা কোন কক্ষ বা স্থান অডিটোরিয়ামের সংজ্ঞায় অন্তর্ভুক্ত হবে না।

৩. আবেদনপত্র ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে এবং আবেদনপত্রে নিম্নরূপ তথ্য সন্নিবেশ করতে হবে:
   - ক. আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের পুরো নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর:
   - খ. নির্দিষ্ট কোন তারিখ এবং উক্ত তারিখের কোন সময় থেকে কোন সময় পর্যন্ত আবেদনকারী প্রতিষ্ঠান অডিটোরিয়াম ব্যবহার করতে চায় তার বিবরণ:
   - গ. অডিটোরিয়াম যে উদ্দেশ্যে ব্যবহৃত হবে তার বিবরণ:
   - ঘ. যদি অনুষ্ঠানে কোন সভাপতি বা প্রধান অতিথি বা বিশেষ অতিথি বা বক্তা থাকেন তাহলে তাঁর নাম ও ঠিকানা এবং পদবী।

৫. আবেদনকারীর আবেদন মঞ্জুর করা বা না করার সম্পূর্ণ অধিকার ইনস্টিটিউটের থাকবে। ইনস্টিটিউট কোন কারণ দর্শনো ব্যতিরেকে আবেদন না-মঞ্জুর করতে পারবে।

৬. মহামান্য রাষ্ট্রপতি/ মাননীয় প্রধানমন্ত্রী/ মন্ত্রীবর্গ ও ভিআইপি ব্যক্তিবর্গের সরকারী অনুষ্ঠানের আবেদন অগ্রাধিকার দেয়া হবে।

৭. অডিটোরিয়াম ব্যবহারের ভাড়া কেবলমাত্র একটি অনুষ্ঠানের জন্য পূর্ণ দিবস/অর্ধ দিবস হিসেবে প্রদান করা যাবে। অডিটোরিয়াম ব্যবহারের সময় সকাল ১০টা থেকে রাত ৮টা।
   - ক. ঢাকা অডিটোরিয়াম : স্বাভাবিক হারে ফুল শিফ্ট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (৮ ঘণ্টা)। ১ম শিফ্ট (সকাল ১০ থেকে দুপুর ২টা) এবং ২য় শিফ্ট (বিকেল ৪টা থেকে রাত ৮টা) ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা। নিরাপত্তা জামানত ২০,০০০/- (বিশ হাজার) টাকা।
   - খ. কুমিল্লা কেন্দ্র অডিটোরিয়াম : স্বাভাবিক হারে ফুল শিফ্ট ৮,০০০/- (আট হাজার) টাকা (৮ ঘণ্টা)। অর্ধবেলা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (৪ ঘন্টা)। নিরাপত্তা জামানত ২,০০০/- (দুই হাজার) টাকা।
   - গ. ত্রিশাল কেন্দ্র অডিটোরিয়াম : স্বাভাবিক হারে ফুল শিফ্ট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (৮ ঘণ্টা)। অর্ধবেলা ৩,০০০/- (তিন হাজার) টাকা (৪ ঘন্টা)। নিরাপত্তা জামানত ১,০০০/- (এক হাজার) টাকা।

৮. স্বাভাবিক হারে অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি প্রদান করবেন ইনস্টিটিউটের পরিচালক। গ্রন্থবিষয়ক অনুষ্ঠান ও নজরুল বিষয়ক অনুষ্ঠানের ক্ষেত্রে রেয়াতী হারে অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি বিবেচনা করবেন ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক।

৯. অডিটোরিয়াম ভাড়ার সঙ্গে পৃথকভাবে নিরাপত্তা জামানত হিসেবে (ফেরতযোগ্য) প্রদেয় টাকা নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট বরাবর-এ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মাধ্যমে জমা দিতে হবে।

১০. অডিটোরিয়মের আয়/ব্যয়/হিসাব স্বচ্ছতার সাথে পরিচালনার উদ্দেশ্যে স্বতন্ত্র একটা ব্যাংক হিসাব থাকতে হবে। যেখানে অডিটোরিয়াম এর আয় ও ব্যয় সংক্রান্ত সকল আর্থিক লেনদেন হবে।

১১. অডিটোরিয়াম ব্যবস্থাপনার নিমিত্ত ইনস্টিটিউটের পক্ষ থেকে ঢাকা অডিটোরিয়ামের জন্য দুইজন কর্মচারী থাকবে যাদের একজন অডিটোরিয়াম তত্ত্বাবধানকারী ও অপর একজন সহকারি অডিটোরিয়াম তত্ত্বাবধানকারী হিসেবে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব পালন করবেন। তারা যথাক্রমে ৩০০০/- টাকা ও ২০০০/- টাকা হারে মাসিক ভাতা প্রাপ্ত হবেন যা অডিটোরিয়ামের আয়/ব্যয়ের জন্য সৃষ্ট ব্যাংক হিসাব থেকে প্রদান করা হবে। এছাড়া কুমিল্লা ও ত্রিশাল কেন্দ্রের জন্য একজন করে তত্ত্বাবধানকারী থাকবেন। যারা ১০০০/- টাকা করে মাসিক ভাতা প্রাপ্ত হবেন।

১২. অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানকে অডিটরিয়াম ভাড়া ও জামানতের অর্থ অডিটোরিয়াম ব্যবহারের তিন কর্মদিবস আগে অফিস চলাকালীন সময়ে কবি নজরুল ইনস্টিটিউট অডিটরিয়াম এর অনুকূলে অথবা অগ্রণী ব্যাংক লিমিটেড ধানমণ্ডি শাখা, ঢাকা-এর নির্ধারিত হিসাব নম্বর ০২০০০২৩৮৬৭৫০৫ এ পৃথক দুটি ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে নগদ জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত অর্থ জমা দিতে ব্যর্থ হলে অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়াম ব্যবহারের জন্য অডিটরিয়াম ব্যবহারের অনুমোদন বাতিল করা হবে।

১৩. কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান অনিবার্য কারণবসত যদি অডিটোরিয়াম ব্যবহারের অনুমোদন বাতিল করতে চায় তাহলে অন্তত ৫ দিন আগে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং সেক্ষেত্রে মূল ভাড়ার ৭৫% ফেরত পাবে।

১৪. আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়াম ব্যবহারের ফলে অডিটোরিয়াম কিংবা ইনস্টিটিউটের যদি কোনো ক্ষতি সাধিত হয়, তাহলে আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে, ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত সময়-সীমার মধ্যে ও ইনস্টিটিউট কর্তৃক নির্ধারিত উপায়ে সে ক্ষতিপুরণ প্রদান করতে হবে।

১৫. ইনস্টিটিউটের অডিটোরিয়াম তত্ত্বাবধানকারী/সহকারি তত্ত্বাবধানকারী অডিটোরিয়াম ব্যবহারের যাবতীয় তত্ত্বাবধানমূলক কাজের দায়িত্ব পালন করবেন। অডিটোরিয়ামের তত্ত্বাবধায়ক ও সহকারী তত্ত্বাবধায়ক ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক অডিটোরিয়মের কোন ক্ষতি সাধিত হয়েছে কিনা তা প্রত্যয়ন করবেন এবং ক্ষতির পরিমাণ নির্ধারণ করে সুপারিশ প্রণয়ণ করবেন।

১৬. অডিটরিয়াম ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠান অডিটোরিয়ামের আসন, সাধারণ আলোক ব্যবস্থা ও একটি সজ্জা কক্ষ (মেক-আপ রুম/গ্রিনরুম) ব্যবহার করতে পারবে।

১৭. অনুষ্ঠান চলাকালে অপ্রত্যাশিতভাবে আলোক ব্যবস্থা, শব্দ প্রক্ষেপণ ব্যবস্থা ও বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে ত্রুটি/বিঘ্ন ঘটলে তার জন্য ইনস্টিটিউট দায়ী থাকবে না।

১৮. অডিটোরিয়ামের অভ্যন্তরে কোন ধরনের খাবার পরিবেশন করা যাবে না।

১৯. যেসব অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি/ মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন, সেসব অনুষ্ঠানের জন্য অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে নিজ উদ্যোগে জেনারেটরের ব্যবস্থা করতে হবে।

২০. অডিটোরিয়াম ব্যবহারের সময় অডিটোরিয়াম এবং অডিটোরিয়াম সংলগ্ন এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং এক্ষেত্রে ইনস্টিটিউট কোন দায়িত্ব গ্রহণ করবে না।

২১. অডিটোরিয়াম ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত অনুষ্ঠান যদি অসামাজিক, অশালীন কিংবা আপত্তিকর বলে ইনস্টিটিউটের নিকট বিবেচিত হয়, তাহলে ইনস্টিটিউট যে কোন সময় অনুষ্ঠানটি বন্ধ করে দিতে পারবে। উক্ত প্রতিষ্ঠানকে প্রদত্ত অডিটোরিয়াম ব্যবহারের অনুমতি বাতিল বলে গণ্য হবে এবং নিরাপত্তা হিসাবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে। এরূপ ক্ষেতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ভবিষ্যতে অডিটোরিয়াম ব্যবহারের অযোগ্য বলে বিবেচিত হবে।

২২. অডিটোরিয়াম ব্যবহারের জন্য (অডিটোরিয়াম ভাড়া) ও নিরাপত্তা জামানতের পরিমাণ প্রয়োজনে ইনস্টিটিউট যেকোনো সময় পরিবর্তন করতে পারবে।

২৩. যদি কোন অনুষ্ঠান আয়োজনের জন্য সরকারের কিংবা অন্য কোন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করা প্রয়োজন হয়,তাহলে আবেদনকারী প্রতিষ্ঠান উক্ত অনুমতি অনুষ্ঠান আয়োজনের পূর্বে গ্রহণ না করলে অডিটোররিয়াম ব্যবহারের অনুমতি দেয়া যাবে না।

২৪. ইনস্টিটিউট যে কোন সময় পূর্ব-বিজ্ঞপ্তি ছাড়াই এ নিয়মাবলী সংশোধন করার অধিকার সংরক্ষণ করে।

২৫. উদ্ভূত বিশেষ কোন পরিস্থিতিতে/কোন জরুরী সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন হলে ইনস্টিটিউট কর্তৃপক্ষ এককভাবে সিদ্ধান্ত গ্রহণ এবং তা প্রয়োগ করবে।

২৬. ইনস্টিটিউটের নিজস্ব অনুষ্ঠান থাকলে বা সরকারী কোন প্রতিষ্ঠানের অডিটোরিয়াম ভাড়া প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

২৬/৯/২০২৫
পরিচালক
কবি নজরুল ইনস্টিটিউট
ঢাকা।

নির্বাহী পরিচালক
কবি নজরুল ইনস্টিটিউট
ঢাকা।
২৬/৯/২৫

# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট
## অডিটোরিয়াম ব্যবহারের আবেদনপত্র

তারিখ :...../...../২০....

বরাবর
নির্বাহী পরিচালক/পরিচালক
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট, ধানমণ্ডি ঢাকা।

**বিষয়ঃ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট অডিটোরিয়াম ভাড়া গ্রহণ।**

মহোদয়
উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে আমি/আমরা.................................................. প্রতিষ্ঠানের পক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিটের অডিটোরিয়াম.................... তারিখে ........ থেকে ....... সময়ে ভাড়া নেওয়ার জন্য আবেদন করছি। আমি/আমাদের বিস্তারিত তথ্যাদি নিম্নে উপস্থাপন করছি।

১. আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন নম্বর :

ঠিকানাঃ

ফোনঃ

মেইলঃ

২. অনুষ্ঠানের তারিখ এবং সময় :

৩. যে উদ্দেশ্যে অডিটোরিয়াম ব্যবহৃত হবে তার বিবরণ :

৪. অনুষ্ঠানে কোনো সভাপতি, প্রধান অতিথি বা বিশেষ অতিথি বা বক্তা থাকলে তাদের নাম, ঠিকানা ও পদবী :

ধন্যবাদন্তে

স্বাক্ষর

নামঃ....................

পদবিঃ....................

প্রতিষ্ঠানের নামঃ....................

ঠিকানাঃ....................

মোবাইলঃ....................

ই-মেইলঃ....................

# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট

ধানমণ্ডি, ঢাকা।


# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইনস্টিটিউট


## অডিটোরিয়াম সম্পর্কিত তথ্য

| | | |
|---|---|---|
| শিফট | : | সকাল ১০টা থেকে দুপুর ২টা, ৪ ঘন্টা – ১ম শিফট<br>বিকাল ৪টা থেকে রাত ৮টা, ৪ ঘন্টা – ২য় শিফট |
| ভাড়া | : | ১ম শিফ্‌ট = ৩০,০০০/- টাকা<br>২য় শিফ্‌ট = ৩০,০০০/- টাকা<br><br>পূর্ণ দিবস = ৫০,০০০/- টাকা |
| জামানত | : | ২০,০০০/- টাকা (ফেরতযোগ্য) |

* লিখিতভাবে অনুমতি না পাওয়া পর্যন্ত কোনো আবেদনকারী প্রতিষ্ঠান অডিটোরিয়াম ব্যবহার করতে পারবে না।

# ইনস্টিটিউট অডিটোরিয়াম ব্যবহারের
# নিরাপত্তা বিষয়ক অঙ্গীকারপত্র

১. আবেদনকারী প্রতিষ্ঠান / ব্যক্তির নাম, ঠিকানা ও ফোন নম্বর :

২. অনুষ্ঠানের বিষয়, তারিখ ও সময় :

আমি ............................................................................................................ এই মর্মে অঙ্গীকার করছি যে, অডিটোরিয়াম ব্যবহারকালে সর্বপ্রকার নিরাপত্তা আমি/আমার প্রতিষ্ঠান নিশ্চিত করবে। অডিটোরিয়াম ব্যবহারকালে যে-কোনো প্রকার অপ্রীতিকর ঘটনার জন্য ইনস্টিটিউট কর্তৃপক্ষ দায়ী থাকবে না। অনুষ্ঠান চলাকালে কোন প্রকার দুর্ঘটনা বা সম্পদের ক্ষতি হলে নীতিমালা অনুযায়ী ক্ষতিপূরণ দিতে হবে।

নাম :

স্বাক্ষর :

তারিখ :